নিখোঁজ সংবাদ

মো: তৌফাজ্জেল হোসেন নামের একটি ছেলে হারিয়েছে, পিতা- মো: সাহেব আলী, ঠিকানা: উজলপুর ব্যাংক পাড়া।

এই ছেলেটি গত মঙ্গলবার ০২/২/২০২১ তারিখে হারিয়ে গেছে। যদি কোনো সহৃদয়বান ব্যক্তি ছেলেটির সন্ধান পেয়ে থাকেন তাহলে পিতা- মো: সাহেব আলীর সাথে যোগাযোগ করার জন্য পরিবার পক্ষ থেকে অনুরোধ হল। মোবাইল: ০১৭৮৮-৬৫৪৭২৪

মেহেরপুরে উদ্বোধনীতে টিকা নিলেন জেলা প্রশাসক

মেহেরপুরসহ সারা বাংলাদেশের বিভিন্ন জেলায় রবিবার করোনা টিকা প্রয়োগের উদ্বোধন করা হয়েছে। সকাল ১০ টায় স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক ভার্চুয়াল মাধ্যমে এই টিকা প্রয়োগের উদ্বোধন করেন।

মেহেরপুরে দুপুর ১২ টার দিকে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ও মেহেরপুর ১ আসনের সংসদ সদস্য ফরহাদ হোসেন এমপি ভার্চুয়ালী করোনার টিকা প্রয়োগের শুভ উদ্বোধন ঘোষনা করেন।

উদ্বোধনকালে প্রতিমন্ত্রী বলেন, আমি নিজেও আজকে করোনার টিকা গ্রহন করেছি। এখন আমি নিজেকে পুরোপুরি নিরাপদ অনুভব করছি। করোনাকে বিদায় জানাতে এই টিকা অত্যন্ত কার্যকরি। মেহেরপুরের সকলকেই টিকা নেওয়ার পরামর্শ দেন প্রতিমন্ত্রী।

এ সময় উপস্থিত ছিলেন, হাসপাতালের তত্বাবধায়ক ড.রফিকুল ইসলাম, পুলিশ সুপার এস এম মুরাদ আলী, পাবলিক প্রসিকিউটর পল্লব ভট্টাচার্যসহ ভ্যাকসিন প্রয়োগের সাথে সংশ্লিষ্ট সবাই।

জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান এর শরীরে প্রথম টিকা প্রয়োগ করে শুভ সূচনা করা হয়। তারপরেই টিকা নেন মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালের সিনিয়র নার্স রোমারি

রোজারিও।

প্রথম দিনে মেহেরপুর সদরে ২০ জনকে এই টিকা দেওয়া হবে। এ পর্যন্ত অনলাইনে রেজিষ্ট্রেশন করেছেন প্রায় ১২শ জন। মেহেরপুরের তিন উপজেলাতেই দেওয়া হচ্ছে টিকা।

প্রথম ধাপে ৬ হাজার জনকে দেওয়া হবে। আজ থেকে আগামী ১২ দিন এই টিকা প্রয়োগ কার্যক্রম চলমান থাকবে বলে জানান সিভিল সার্জন ড. নামির উদ্দিন।

মেহেরপুর জিনিয়াস স্কুলে শিক্ষার নামে গলাকাটা বাণিজ্য!

শিক্ষার নামে গলাকাটা বাণিজ্য করছে জিনিয়াস ল্যাবরেটরি স্কুল অ্যান্ড কলেজ। করোনাকালীন সময়ে শিক্ষার্থীদের বেতন ও ভর্তি ফিসের জন্য চাপ প্রয়োগ না করতে শিক্ষা মন্ত্রণালয় থেকে বার বার বলা হলেও কর্ণপাত করেনি জিনিয়াস স্কুল কর্তৃপক্ষ।

স্কুল বন্ধ থাকলেও অভিভাবকদের মোবাইল ফোনে আবার কখনো বাসায় গিয়ে বার বার চাপ প্রয়োগ করে নেওয়া হয়েছে পুরো বেতন। এছাড়াও সেশন চার্জের নামে প্রায় ১৬’শ শিক্ষার্থীদের কাছ থেকে জনপ্রতি নেওয়া হয়েছে ১৭’শ ৫০ টাকা করে। যার গাণিতিক অর্থ প্রায় ২৮ লাখ টাকা। এ নিয়ে অভিভাবকদের নানা অভিযোগ থাকলেও বাচ্চাদের ভবিষ্যতের কথা ভেবে সাধ্য না থাকলেও বাধ্য হয়েছেন সবাই।

নাম প্রকাশ না করার শর্তে বেশ কয়েকজন অভিভাবক জানান, দীর্ঘদিন শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ ছিলো তারপরও পুরো বেতন দিতে হচ্ছে আমাদের। একসাথে অনেক টাকা দিতে আমাদের হিমশিম খেতে হচ্ছে। তার উপর আবার বছরের শুরুতেই দিতে হচ্ছে ১৭’শ ৫০ টাকা সেশন চার্জ। টাকা কম নিতে বা মওকুফ করতে স্কুল কর্তৃপক্ষকে বার বার অনুরোধ করেও কোন লাভ হয়নি।

স্কুল কর্তৃপক্ষের দেওয়া তথ্য অনুযায়ী প্রতি মাসে প্লে থেকে ২য়

শ্রেণী পর্যন্ত বেতন নেওয়া হয় ৬’শ টাকা, ৩য় ও ৪র্থ শ্রেণী পর্যন্ত ৮’শ টাকা, ৫ম শ্রেণী ১ হাজার টাকা, ৬ষ্ট ও ৭ম শ্রেণী ৯’শ টাকা, ৮ম শ্রেণী ১১’শ টাকা, ৯ম ও ১০ম শ্রেণী ১২’শ টাকা। সব মিলিয়ে বছরে প্রায় দেড় কোটি টাকা আয় হয় বলে জানান বিদ্যালয়ের প্রতিষ্ঠাতা আল-আমিন ইসলাম বকুল। আন-নুর ফাউন্ডেশনের নামে চলছে বিদ্যালয়টি। যার সভাপতির দায়িত্বে আছেন আল-আমিন ইসলাম বকুল নিজেই।

আল-আমিন ইসলাম বকুল মেহেরপুর জেলা ছাত্র শিবিরের সাবেক সভাপতি ছিলেন। বর্তমানে বিতর্কিত সংগঠন জামায়াত ইসলামের সূরা সদস্য হিসেবে দায়িত্ব পালন করছেন।

এছাড়াও তিনি মুজিবনগরের আন-নুর টেকনিক্যাল ও বিএম কলেজের প্রিন্সিপাল। তার স্ত্রী রিতা পারভিন বর্তমানে প্রিন্সিপালের দায়িত্বে আছেন জিনিয়াস ল্যাবরেটরী স্কুল অ্যান্ড কলেজের। তবে স্কুলটির পরিচালক আল-আমিন ইসলাম বকুল জামায়াত নেতা হলেও স্রোতের মুখে গা ভাসিয়ে বিভিন্ন সময় তিনি ক্ষমতাসীন দলের লোকজনকে স্কুল কমিটির সভাপতি বানিয়ে স্কুল পরিচালনা করছেন।

বিদ্যালয়ের ভাইস প্রিন্সিপাল সামসুর রহমান জানান, বিদ্যালয়ে দুই শিফটে ৫৫ জন শিক্ষক পাঠদানের জন্য নিয়োগ দেওয়া হয়েছে। ৬ হাজার ৫’শ টাকা থেকে শুরু করে ২০ হাজার টাকা পর্যন্ত তাদের বেতন দেওয়া হয় প্রতি মাসে। স্কুলে যা আয় হয় তা স্কুল পরিচালনার ক্ষেত্রে খরচ হয়ে যায়। তবে সামসুর রহমানের দেওয়া তথ্যের অমিল পাওয়া গেছে। তার দেওয়া তথ্যের ভিত্তিতেই যদি হিসেব করা যায় খরচ বাদে আরও প্রায় ৫০ লাখ টাকা অতিরিক্ত থেকে যায়। এই টাকার পুরো অংশই যায় বিদ্যালয়ের প্রতিষ্ঠাতা আল আমিন ইসলাম বকুলের পকেটে।

বিদ্যালয়ের উপার্জিত টাকার অংশ জামায়াত সংগঠনেও যায় বলে জানা গেছে। একটি নির্ভরযোগ্য সুত্র থেকে জানা যায় প্রতি বছরই এককালীন চাঁদা হিসেবে দেয় লাখ লাখ টাকা। গত ২০২০ সালে ১২ ডিসেম্বর দিয়েছেন ১ লাখ ২৫ হাজার টাকা। যা বায়তুল মাল নামে রশিদের মাধ্যমে গ্রহন করেছে সংগঠনের ক্যাশিয়ার।

পরিচালক আল-আমিন ইসলাম বকুল জানান, স্কুলটি আমাদের মেহেরপুরের সবার। স্কুলটি নষ্ট না করে সহযোগীতা করার আবেদন জানান। একই সঙ্গে সংবাদ না করারও আবেদন জানান।

এ ব্যাপারে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আনোয়ার হোসেন জানান,

কিছু দিন আগে শিক্ষা মন্ত্রণালয় থেকে একটি পরিপত্র জারি করার কথা ছিল, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান গুলোর ম্যানেজিং কমিটির সভাপতির শিক্ষাগত যোগ্যতা, শিক্ষার্থীদের বেতন ও সেশন চার্জ নির্ধারণ করা প্রসঙ্গে। তবে এখনো পর্যন্ত সে ব্যাপারে কোন নির্দেশনা পাইনি। যার কারনে প্রতিষ্ঠান গুলোর ম্যানেজিং কমিটি যেটা সিদ্ধান্ত নিচ্ছে, সে মোতাবেক স্কুল গুলো পরিচালনা হচ্ছে। তবে করোনাকালিন সময়ে এই ভাবে শিক্ষার্থীদের বেতন বা সেশন ফী’র জন্য চাপ না দিয়ে সদয় হওয়া উচিত।

জিনিয়াস ল্যাবরেটরি স্কুল অ্যান্ড কলেজের ম্যানেজিং কমিটির সভাপতি আশিকুজ্জামান সবুজ পেশায় একজন ঠিকাদার। তিনি জেলা আওয়ামী লীগের উপদেষ্টা সদস্য আশকার আলীর সন্তান। তিনি জানান, প্রতিষ্ঠানটি নিয়মের বাইরে চলছে বলে আমার মনে হয় না। সকল কিছু নিয়ম মেনেই করা হয়।

মেহেরপুরে কাল থেকে করোনা ভ্যাকসিন প্রয়োগ শুরু

কাল থেকে শুরু হচ্ছে জেলায় জেলায় করোনা ভ্যাকসিন প্রয়োগ। মেহেরপুরে করোনা টিকা নিতে অনলাইনে রেজিষ্ট্রেশন করেছে এ পর্যন্ত ১১শ ৯০ জন। এর মধ্যে মেহেরপুর সদরে ৭শ ৭৮, গাংনীতে ৩শ ৩ ও মুজিবনগরে ১শ ৯ জন।

তবে এই রেজিষ্ট্রেশন প্রক্রিয়া চলমান আছে বলে জানান সিভিল সার্জন ডা নাসির উদ্দিন। আগামীকাল রবিবার সকাল ১০টায় প্রতিটি জেলায় ভার্চুয়াল মাধ্যমে একযোগে করোনা ভ্যাকসিন প্রয়োগের উদ্বোধন করবেন স্বাস্থ্যমন্ত্রী ডা. জাহিদ মালেক।

মেহেরপুরের তিন উপজেলায় ইতিমধ্যে পৌঁছাছে করোনার ভ্যাকসিন। কাল থেকে প্রয়োগ করা হবে। ১৬টি বুথে জনবলসহ সকল প্রস্তুতি সম্পন্ন করা হয়েছে।

গাংনীতে ৩টি বুথে, মুজিবনগরে ৩টি বুথে ও মেহেরপুর সদরে ১০টি বুথে

দেওয়া হবে ভ্যাকসিন। মেহেরপুরে ৬ হাজার জনকে প্রথম ধাপে ভ্যাকসিন প্রয়োগের লক্ষ্য নিয়ে কাজ করছে স্বাস্থ্য বিভাগ।

মেপ্র/এমএফআর

গাংনীতে দুস্থ ও অসহায়দের মাঝে ঢেউটিন, চেক ও কম্বল বিতরণ

মেহেরপুরের গাংনীতে দুস্থ ও অসহায়দের মাঝে ঢেউটিন চেক ও কম্বল বিতরণ করা হয়েছে। শনিবার সকালে মেহেরপুর-২(গাংনী) আসনের সংসদ সদস্য সাহিদুজ্জামান প্রধান অতিথী হিসেবে এসব মালামাল বিতরণ করেন।

এর মধ্যে ২০০ বান্ডিল ঢেউটিন, ২হাজার পিচ কম্বল ও ৪৫ জনকে ৮৫ লাখ টাকার চেক দেয়া হয়।

সাহিদুজ্জামান বলেন, প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা সব সময় জনগনের পাশে রয়েছেন। অসুস্থ ব্যক্তিদের চিকিৎসার জন্য তিনি অর্থ দেন। তেমনি শীতার্তদের জন্য কম্বল বিতরণ করেছেন। সেই সাথে গরীব দুখি মানুষ ও মসজিদ, মন্দিরের জন্য ঢেউটিন বরাদ্দ দিয়েছেন যা বিতরণ করা হয়।

এসময় গাংনী উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক গোলাম মোস্তফা, গাংনী পৌর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আনারুল ইসলাম বাবুসহ নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

গাংনীতে মুজিববর্ষ উপলক্ষ্যে মাসব্যাপী ভলিবল প্রশিক্ষণের সমাপনি

মেহেরপুরের গাংনীতে মুজিববর্ষ উপলক্ষ্যে মাসব্যাপী ভলিবল প্রশিক্ষণের সমাপনি অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

ক্রীড়া পরিদপ্তরের বার্ষিক কর্মসূচির আওতায় জেলা ক্রীড়া অফিসের আয়োজনে গতকাল সকাল ১১ টায় গাংনী উপজেলা পরিষদ চত্তরে এ সমাপনি অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।
অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মেহেরপুর জেলা ক্রীড়া অফিসার আরিফ আহমেদ।

প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা পরিষদ চেয়ারম্যান ও জেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক এম এ খালেক।

আমন্ত্রিত অতিথি ছিলেন গাংনী পাইলট হাইস্কুল এন্ড কলেজের সাবেক ক্রীড়া শিক্ষক আশরাফুল হক, গাংনী উপজেলা ক্রীড়া সংস্থার সাধারন সম্পাদক আতর আলী প্রমুখ।

এসময় ভলিবল প্রশিক্ষণের সহকারী আলামিন হোসেন, আব্দুল গাফ্ফার, ও ক্রীড়ামোদী বৃন্দ উপস্থিত ছিলেন। পরে খেলোয়ারদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

গাংনীতে শীতবস্ত্র বিতরণ

মেহেরপুরের গাংনীতে শীতার্তদের মাঝে শীতবস্ত্র বিতরণ করেছে সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন।

জয় পরিষদের উদ্যোগে শুক্রবার বিকাল সাড়ে ৩ টায় তার বাস ভবনের সামনে অসহায় ও দুস্থদের মাঝে তিনি শীতবস্ত্র বিতরণ করেন।

এসময় গাংনী উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক গোলাম মোস্তফা,মটমুড়া ইউটি চেয়ারম্যান সোহেল আহমেদ,আওয়ামীলীগ নেতা আক্তারুজ্জামান বাবু ও এমপি পত্নী লাইলা আরজুবান বানু শিলা।

এসময় সংসদ সদস্য মোহামামদ সাহিদুজ্জামান খোকন শীতার্ত অসহায় মানুষদের সহযোগিতার জন্য সকল শ্রেনী পেশার মানুষদের এগিয়ে আসার আহবান জানান।

এসময় আওয়ামীলীগ ও এর অঙ্গ সংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

ঠিকাদারের মামলায় দূর্ভোগে গাংনীর লক্ষাধিক মানুষ

একটি মামলার কারণে মেহেরপুরের গাংনীর তিনটা গুরুত্বপূর্ন সড়ক সংস্কার কাজ বন্ধ রয়েছে কয়েক বছর। সড়ক গুলো চলাচলে অনুপযোগী হওয়ার কারনে লক্ষাধিক মানুষ চরম দূর্ভোগে পড়েছে।

বামুন্দী-কাজিপুর, কাজিপুর নওদাপাড়া, আকুবপুর মোহাম্মদপুর হয়ে গোয়াল গ্রাম পর্যন্ত এই তিনটি সড়ক ঠিকাদারের মামলার কারনে দীর্ঘ কয়েক বছর সংস্কার কাজ বন্ধ রয়েছে। দ্রত সময়ের মধ্যে মামলার নিস্পতি করে সড়ক সংস্কারের দাবি করেছে ভুক্তভুগীরা।

স্থানীয়রা জানিয়েছে, এই তিনটি গুরুত্বপূর্ন সড়ক খানাখন্দে পরিনত হওয়ায় প্রতিনিয়ত বাস ট্রাক ইজিবাইক মটরসাইকেল উল্টে পঙ্গুত্ব বরণ করেছে অনেকেই। ভাঙ্গাচোরা রাস্তা দিয়ে চলাচল করতে গিয়ে যানবাহন বিকল হয়ে পড়ছে। সড়ক দিয়ে চলাচল কষ্ট সাধ্য হয়েছে পড়েছে এলাকাবাসির। বার বার আশ্বাস দিলেও মামলা নিস্পত্তি না হওয়া ক্ষোভ প্রকাশ করেছে এলাকাবাসি।

গাংনী উপজেলা প্রকৌশলীর দপ্তর থেকে জানা গেছে, প্রায় ২ বছর পূর্বে বামুন্দী কাজিপুর সড়ক ১ কোটি ৫ লক্ষ,মোহাম্মদপুর-গোয়াল গ্রাম ১ কোটি ১৩ লক্ষ ও নওদাপাড়া-কাজিপুর সড় প্রায় ৩ কোটি টাকার টেন্ডার হলেও কাজ বুঝিয়ে না দেওয়ার কারনে চুয়াডাঙ্গা জেলার

জীবননগর উপজেলার জাকা মোল্লা নামের এক ঠিকাদার হাইকোর্টে একটি মামলা দায়ের করে। মামলার কারনে সড়ক গুলোর সংস্কার কাজ বন্ধ রয়েছে।

গাংনী উপজেলা প্রকৌশলী গোলাপ আলী শেখ জানান, মামলাটি দ্রত সময়ের মধ্যে নিস্পত্তি করার চেষ্টা চলছে। মামলা নিস্পত্তি হওয়ার সাথে সাথেই রাস্তা সংস্কার করার ব্যপারে ব্যবস্থা নেয়া হবে।

স্থানীয়রা জানান, এই তিনটি সড়ক দিয়ে ঢাকার সাথে সরাসরি কৃষি পন্য পরিবহন করা হয়। স্কুলের শিক্ষার্থীরাও চলাচলে বিপাকে পড়েছে। বর্তমানে রাস্তা তিনটি চলচল অনুপোযুগী হয়ে পড়ায় এ এলাকায় ব্যবসা বানিজ্য ধস নেমেছে।

এ বিষয়ে কথা বলতে ঠিকাদার জাকা মোল্লার ব্যবহৃত মোবাইল ফোনে কল দিলে তিনি রিসিভ করেনি।

মেহেরপুর শহর স্বেচ্ছাসেবক লীগের উদ্যোগে সৈয়দা মোনালিসা ইসলামের জন্মদিন পালন

বাংলাদেশ আওয়ামী যুব মহিলা লীগের কার্য নির্বাহী কমিটির সদস্য ও মেহেরপুর যুব মহিলা লীগের প্রতিষ্ঠাতা, জনপ্রশাসন প্রতিমন্ত্রী অধ্যাপক ফরহাদ হোসেন এম.পি’র সহধর্মিনী সৈয়দা মোনালিসা ইসলামের ৩৭তম জন্মদিন পালন করা হয়েছে।

শুক্রবার রাতে মেহেরপুর জেলা আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের দলীয় কার্যালয়ে শহর সেচ্ছাসেবক লীগের আয়োজনে এ জন্মদিন পালন করা হয়।

শহর স্বেচ্ছাসেবক লীগের সভাপতি কামাল হোসেন জুয়েল এবং সাধারণ সম্পাদক ইবনে মামুন কেক কেটে জন্মদিন পালন করেন।

এসময় উপস্থিত ছিল মেহেরপুর জেলা ছাত্রলীগের সাবেক ভারপ্রাপ্ত সভাপতি এ কে আজাদ সাগর, শহর স্বেচ্ছাসেবক লীগের যুগ্মসাধারণ সম্পাদক সোহেল মল্লিক, সাংস্কৃতিক সম্পাদক আশরাফুল ইসলাম, সদস্য সোহেল খানসহ শহর সেচ্ছাসেবক লীগের বিভিন্ন ইউনিটের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে মেয়র কাপ বডিবিল্ডিং শো ও কারাতে প্রদর্শনী

মেহেরপুর কমিউনিটি সেন্টারে মেয়র কাপ বডি বিল্ডিং শো ও কারাতে প্রদর্শনীর আয়োজন করা হয়েছে।

গতকাল শুক্রবার বিকেলে কারাতে প্রশিক্ষক মোঃ শফিকুল ইসলাম (সুজন) এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর পৌরসভার মেয়র মাহফুজুর রহমান রিটন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর পৌরসভার প্যানেল মেয়র শাহিনুর রহমান রিটন, আব্দুল মান্নান, আলী আকবর, সবুজ, আশরাফ, জাহিদ হাসান, সেলিম রেজা, বিসিবির জেলা কোচ হাসানুজ্জামান হিলন, মোঃ জাহিদ ইকবাল শিমন, ইমদাদুল হক ইমদাদ, হুমায়ুন কবির আরজুসহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ।

মেয়র কাপ বডিবিল্ডিং শো ও কারাতে প্রদর্শনীতে অংশগ্রহণ করেন রাকিব জিম এন্ড ফিটনেস সেন্টার, এ্যানি টাইম ফিটনেস জিম এবং আমঝুপি ক্লাব।

মেয়র কাপ বডিবিল্ডিং শো ও কারাতে প্রদর্শনী প্রতিযোগিতায় বিচারক হিসেবে উপস্থিত ছিলেন প্রশাসনিক কর্মকর্তা বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় মোঃ মনোয়ার হোসেন, বাজার ব্যবসায়ী সমিতির সাধারণ সম্পাদক জাহিদ ইকবাল শিমন, কারাতে সিনিয়র শিক্ষক আশরাফ।

বডিবিল্ডিং শো ও কারাতে প্রদর্শনীর আগে ‘মাদকমুক্ত সমাজ গড়ুন,

শরীর চর্চায় আগ্রহী হউন’, ‘নিয়মিত ব্যায়াম করুন, মাদককে না বলুন’ প্রতিপাদ্যকে সামনে রেখে একটি র্যালি বের করা হয়।

মেয়র মাহফুজুর রহমানের নেতৃত্বে মেহেরপুর পাবলিক লাইব্রেরী মোড় থেকে শুরু করে র্যালিটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে মেহেরপুর কমিউনিটি সেন্টারে গিয়ে শেষ হয়।